

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিপিটি অনুবিভাগ  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩ শাখা  
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০৩.২৫.০১০.২১.৩২০

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩১  
০৩ ডিসেম্বর ২০২৪

বিজ্ঞপ্তি

বিষয়: **SICIP** প্রকল্পের আওতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) কর্তৃক আয়োজিত 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সের ২য় ব্যাচে (সামগ্রিকভাবে ২১তম ব্যাচ) কর্মকর্তা/প্রশিক্ষার্থী মনোনয়ন বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের অর্থায়নে Skill for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) কর্তৃক আয়োজিত 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সের ২য় ব্যাচের (সামগ্রিকভাবে ২১তম ব্যাচ) আগামী ১১ জানুয়ারি ২০২৫ তারিখ হতে বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকাতে অনুষ্ঠিত হবে।

২। কোর্স সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

(ক)	উক্ত প্রশিক্ষণ কোর্সটিতে সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ (বয়সসীমা ৩০ বছর হতে অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন;
(খ)	প্রতি ব্যাচের ফলাফলে শীর্ষস্থান অধিকারী ৬-৮ জন ( ৪ অনুপাত ১ হারে ) কর্মকর্তাদেরকে ০২( দুই) সপ্তাহের জন্য বিদেশে নীতি বিষয়ক উচ্চতর প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে;
(গ)	'Policy Analysis' কোর্সের ব্যাচের BIGM-এ অনুষ্ঠিত 'Strategic Management' অংশগ্রহণকারীর সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষার্থী এ কোর্সে অংশগ্রহণের সুযোগ পাবেন;
(ঘ)	প্রশিক্ষণ কোর্সে ক্লাস সপ্তাহে ০৫ (পাঁচ) দিন শনি-বুধবার সকাল ৯:০০ হতে বিকাল ০৫:০০টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে;
(ঙ)	প্রত্যেক প্রশিক্ষার্থীকে প্রতিদিন যাতায়াত ভাতা হিসেবে ৬০০ (ছয়শত) টাকা করে প্রদান করা হবে এবং প্রশিক্ষার্থীদের সকাল-বিকাল চা-চক্র ও দুপুরের খাবারের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও Policy বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করার জন্য প্রত্যেক প্রশিক্ষার্থীগণকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ভাতাপ্রদান করা হবে;
(চ)	প্রশিক্ষণ কোর্সের মেয়াদ ১০(দশ) সপ্তাহ। মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন BIGM-এ সংযুক্ত থাকবেন। উক্ত প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষার্থী কর্মকর্তাগণের সংখ্যা কমপক্ষে ৭(সাত) জন নারী কর্মকর্তাসহ মোট=২০(বিশ) জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে।

৩। উল্লেখ্য, ইতঃপূর্বে যে সকল কর্মকর্তাগণ "BIGM-SICIP" কর্তৃক আয়োজিত "Policy Analysis" প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই।

৪। আগ্রহী কর্মকর্তাগণকে আগামী ১৯.১২.২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দ.আ. অতিরিক্ত সচিব (ক্যারিয়ার, প্ল্যানিং অ্যান্ড ট্রেনিং), জনপ্রশাসন মন্ত্রণালয়} বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: আবেদন ফরম।

৩-১২-২০২৪

হাওলাদার আবু সাঈদ  
সহকারী সচিব

ফোন: ২২৩৩৫৭১১৩

ইমেইল: it3@mopa.gov.bd

কার্যার্থে প্রেরণ করা হলো:

১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তি ও আবেদন ফরম ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।